গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(আইসিটি সেল)
www.pirojpur.gov.bd

## জেলা আইসিটি বিষয়ক কমিটি/ফোরামের অক্টোবর/১৮ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন, জেলা প্রশাসক, পিরোজপুর।

সভার স্থান : জেলা প্রশাসকের সভা কক্ষ।

সভার তারিখ ও সময় : ২১অক্টোবর, ২০১৮ খ্রিঃ, বেলা ১১.৫০ টা।

সভায় উপস্থিত : পরিশিষ্ট ''ক'' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহার ও তথ্যপ্রযুক্তির উন্নয়ন নিশ্চিত করা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে জেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে জেলা ও উপজেলা আইসিটি বিষয়ক কমিটি/ফোরাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:

১.১: জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন:

| ক্রমিক | কর্মকর্তার পদবী | ইউডিসি পরিদর্শন |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক, পিরোজপুর | ০৩ টি |
| ০২ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর | ০২ টি |

১.২: উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য (সেপ্টেম্বর/১৮ মাস):

| ক্রমিক | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসির মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| ০১ | পিরোজপুর সদর | - | - | ০৭ | ০১ | ০৬ | ৪১,৭০২/- | ১২২ | - |
| ০২ | নাজিরপুর | - | - | ০৯ | ০১ | ০৮ | ৩,৭১০/- | ৬৪ | - |
| ০৩ | নেছারাবাদ | - | - | ১০ | ০১ | ০৯ | ১৫,৬৯৮/- | ২৪৯ | - |
| ০৪ | কাউখালী | - | - | ০৫ | ১ | ০৪ | ১৬,০৪৫/- | ১৯৪ | - |
| ০৫ | ইন্দুরকানী | - | - | ০৩ | ০১ | ০২ | ২০,৯২৭/- | ৬৮ | - |
| ০৬ | ভাণ্ডারিয়া | - | - | ০৭ | ০১ | ০৬ | ৮৮,১৪৬/- | ৫৮৩ | - |
| ০৭ | মঠবাড়ীয়া | - | - | ১১ | ০১ | ১০ | ৩২,৫৮০/- | ২১৪ | - |

২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্যঃ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিশ্বের বৃহত্তম সরকারি ওয়েবপোর্টাল জাতীয় তথ্য বাতায়ন একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এই ওয়েব পোর্টালে দেশের জাতীয় পর্যায় থেকে শুরু করে ইউনিয়ন পর্যায় পর্যন্ত সকল সরকারি ওয়েব সাইটগুলো জড়িত, তাই এই পোর্টালের মাধ্যমে সরকারের যেকোন কর্মকান্ড, অগ্রগতি ও উন্নতিসহ পরিবর্তনের সকল তথ্য জানা যাবে। এটুআই প্রোগ্রাম কর্তৃক প্রেরিত জাতীয় তথ্য বাতায়ন সেপ্টেম্বর ২০১৮ মাসের অগ্রগতি প্রতিবেদনে দেখা যায় যে, এ জেলার পোর্টালে সকল দপ্তরের কম-বেশি তথ্য অসম্পূর্ণ যা থাকে তাও আবার পুরাতন। | জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালে সংযোজিত দপ্তরসমূহের সকল অসম্পূর্ণ তথ্য আপলোড করাসহ নিয়মিত হালনাগাদ করতে হবে। | স্ব-স্ব প্রতিষ্ঠান এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.২ | ডিজিটাল সেন্টার সংক্রান্তঃ জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেবার জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারকে সময়োপযোগী করে গড়ে তোলা হচ্ছে। নীতি নির্ধারনী পর্যায়ে গুরূত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও ডিজিটাল সেন্টারের বাস্তব পরিস্থিতি নিবিড় পর্যবেক্ষণের প্রয়োজনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উদ্যোক্তাদের নিয়ে উপজেলাসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন ও ডিসেম্বর মাসে) সভা আয়োজন পূর্বক সভার মাধ্যমে সংগৃহীত তথ্য নির্ধারিত ছকে সভার কার্যবিবরণীর সাথে সংযুক্ত করে প্রেরণের জন্য এটুআই প্রোগ্রাম হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ছাড়াও প্রতিমাসের আইসিটি কমিটির প্রতিটি সভায় এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হলেও তা বাস্তবায়ন করা হয়না। | ডিজিটাল সেন্টারের নীতি নির্ধারনী পর্যায়ে গুরূত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তব পরিস্থিতি নিবিড় পর্যবেক্ষণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উদ্যোক্তাদের নিয়ে উপজেলাসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন ও ডিসেম্বর মাসে) সভা আয়োজন পূর্বক সভার মাধ্যমে সংগৃহীত তথ্য নির্ধারিত ছকে সভার কার্যবিবরণীর সাথে সংযুক্ত করে এটুআই প্রোগ্রাম এবং এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.৩ | অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ অনলাইনে পর্চার ডাটা এন্ট্রি সম্পন্ন না হওয়ায় রেকর্ড রুম হতে অনলাইনে পর্চা সরবরাহ করা যাচ্ছে না, তবে এখন ই-সেবা সিস্টেমের মাধ্যমে পর্চার কম্পিউটার কপি সরবরাহ করা হচ্ছে। | অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহের কাজ দ্রুত শেষ করতে হবে এবং রেকর্ডরুমকে ডিজিটাল রেকর্ড রুম এ রূপান্তরিত করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাফেজ খানা, জেলা প্রশাসকের কার্যালয় |
| ২.৪ | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সহজে ও স্বল্প সময়ে সিদ্ধান্ত গ্রহণ এবং কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সকল দপ্তরের নথি ই-ফাইল (নথি) ব্যবস্থাপনার মাধ্যমে নিস্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল দাপ্তরিক চিঠিপত্র ই-ফাইলিং সিস্টেমে নিষ্পত্তি করতে হবে। উপজেলা আইসিটি কমিটির সভায় ই-নথি কার্যক্রমের উপর নিয়মিত পর্যালোচনা করতে হবে। যে সকল দপ্তরে ই-নথি সিস্টেম চালু আছে সেসকল দপ্তরের পারফরমেন্স বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত:<br>সরকারি দপ্তরে ই-মেইল ব্যবহারের নির্দেশনা থাকলেও অনেক ক্ষেত্রে দেখা যায় যে, কর্মকর্তাগণ চিঠিপত্র আদান প্রদানের ক্ষেত্রে নিজস্ব ই-মেইল ব্যবহার করে থাকেন। যেহেতু সরকারি কর্মকর্তাগণের বদলী হতে হয় সেহেতু দাপ্তরিক ই-মেইল ব্যবহার করা বাঞ্ছনীয়। | দাপ্তরিক কাজে নিজস্ব ই-মেইল ব্যবহার না করে সরকারি ই-মেইল ব্যবহারের বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর প্রধান<br>এবং<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২.৬ | উদ্যোক্তার তথ্যঃ<br>জনগণের দোড়গোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় স্থাপিত ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। উক্ত ডিজিটাল সেন্টার পরিচালনায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে। | প্রতিটি ডিজিটাল সেন্টারে একজন নারী ও একজন পুরুষ উদ্যোক্তা নিয়মিত থাকতে হবে এবং একজন নারী ও একজন পুরুষ বিকল্প হিসেবে রাখতে হবে। একসেবা সফটওয়ার থেকে উদ্যোক্তাদের মাসিক আয়ের তথ্যাদি অবশ্যই প্রতিমাসে জেলা আইসিটি কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>এবং<br>সহকারী প্রোগ্রামারগণ |
| ২.৭ | বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্যঃ<br>সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় এ জেলায় স্থাপিত 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' সমূহের সুষ্ঠু ব্যবহার, নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতের বিষয়ে নিয়মিত পরিদর্শন করা প্রয়োজন। | বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপিত ল্যাব সমূহ পরিদর্শন পূর্বক নিয়মিত প্রতিবেদনের কপি এ কার্যালয় এবং বিসিসিতে প্রেরণ করতে হবে। পরিদর্শনের সময় জেলা প্রশাসকের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত হতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>জেলা শিক্ষা অফিসার<br>এবং<br>সহকারী প্রোগ্রামারগণ |
| ২.৮ | জেলা পর্যায়ে আইসিটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্যঃ<br>সরকারি কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ নীতিমালা মোতাবেক প্রতিটি দপ্তরে প্রশিক্ষণের মাধ্যমে আইসিটিতে দক্ষ জনবল গড়ে তুলতে হবে। | সরকারি দপ্তরসমূহে নিজ ব্যবস্থাপনায় কর্মকর্তা/ কর্মচারীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে প্রশিক্ষণের তথ্য এ কার্যালয়ে প্রেরণ করাসহ যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ২.৯ | উপজেলা আইসিটি কমিটির সভাঃ<br>বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের ১৪/১০/২০০৯ তারিখের বিতযোপ্রম/ শাখা-২৩/ আইসিটি-৬২/ ২০০৩ (অংশ-৫)২৪২ নং প্রজ্ঞাপনের আলোকে সকল উপজেলায় আইসিটি কমিটি গঠন করে প্রতিমাসে সভার আয়োজন করার নির্দেশনা রয়েছে। কিন্তু কোন উপজেলায় আইসিটি কমিটির সভা হচ্ছেনা মর্মে প্রতিয়মান হয়। | প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা আইসিটি কমিটি গঠন পূর্বক জেলা কমিটির সভার পূর্বে প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আহ্বান করতে হবে এবং সহকারী প্রোগ্রামারগণ উক্ত সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা প্রশাসকের অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>এবং<br>সহকারী প্রোগ্রামারগণ |
| ২.১০ | জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:<br>সরকারি প্রতিষ্ঠানে 'সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬' এর আলোকে সঠিক ফেসবুক পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের 'সামাজিক যোগাযোগ' সাব-মেনুতে সংযুক্ত করার নির্দেশনা রয়েছে। | সকল দপ্তরের ফেসবুক পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের 'সামাজিক যোগাযোগ' সাব-মেনুতে সংযুক্ত করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | স্ব-স্ব দপ্তর<br>এবং<br>সহকারী প্রোগ্রামারগণ |

| | | | |
|---|---|---|---|
| ২.১১ | মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শন সংক্রান্ত:<br>সভাপতি জানান যে, এ জেলায় সেপ্টেম্বর/১৮ মাসে মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদানের পারফরমেন্স বিভাগীয় পর্যায়ে ১৭.৬ যা অত্যন্ত দু:খজনক ও হতাশাব্যঞ্জক। ইতোমধ্যে MMC সরঞ্জামাদি পেয়েছে এমন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ দু'জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু তাঁরা যথাযথভাবে MMC ক্লাস বাস্তবায়ন ও তদারকি করছেন না বিধায় সরকারের এই বিপুল অর্থের সম্পদের ব্যবহার ও সেবা থেকে শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছে যা মোটেও কাম্য নয়। | জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাস (MMC) বাস্তবায়ন ও তদারকি এবং MMC ড্যাশবোর্ডে নিয়মিত তথ্য আপলোড নিশ্চিত করে পাঠদানের শতকরা হার বৃদ্ধি করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার পিরোজপুর |
| ২.১২ | ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহার:<br>ইনফো-সরকার প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর সমূহে প্রদানকৃত সংযোগ দিয়ে কোন দপ্তর ইন্টারনেট ব্যবহার করতে পারছে না এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | জেলা ও উপজেলা পর্যায়ে ইনফো-সরকার প্রকল্পের মাধ্যমে স্থাপিত ইন্টারনেট ব্যবহার উপযোগী করার বিষয়ে একটি পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য সহকারী প্রকৌশলী, বিটিসিএল, পিরোজপুরকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী বিটিসিএল, পিরোজপুর |

সভাপতি সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার যে সকল কার্যক্রম গ্রহণ করেছে তা মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও তিনি ডিজিটাল সেন্টার থেকে স্বল্প মূল্যে কম্পিউটার প্রশিক্ষণ ও সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। পরিশেষে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

২৭/১০/২০১৮

(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
জেলা প্রশাসক
পিরোজপুর
ও
আহবায়ক
জেলা আইসিটি কমিটি।

স্মারক নং- ০৫.১০.৭৯০০.১২১.০৬.০০১.১৭- ৯৪০ তারিখঃ ২৭/১০/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পুলিশ সুপার, পিরোজপুর।
৫। অধ্যক্ষ, ............................................................, পিরোজপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, ............................ (সকল), পিরোজপুর।
৭। ..........................................................................., পিরোজপুর।

২৭/১০/২০১৮

জেলা প্রশাসক
পিরোজপুর।